

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৩৫

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرِّقَاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - লোক দেখানো ও শুনানোর ব্যাপারে বর্ণনা

الْفَصْلُ الثَّالِثُ (بَابُ الرِّيَاءِ وَالسَّمْعَةِ)

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَوْ أَنَّ رَجُلًا عَمِلَ عَمَلًا فِي صَخْرَةٍ لَا بَابَ لَهَا وَلَا كَوَّةَ خَرَجَ عَمَلُهُ إِلَى النَّاسِ كَأَنَّ مَا كَانَ»

اسناده حسن ، رواه البيهقي في شعب الایمان (6940 ، نسخة محققة : 6541) [و احمد (3 / 28) و الحاكم 4 / 314 ح 7877) و ابن حبان (الاحسان : 5649 / 5678) و ابن وهب صرح بالسماع عنده] و اصله عند ابن ماجه (4167)

বাংলা

৫৩৩৫-[২২] আবু সাঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যদি কোন ব্যক্তি এমন কঠিন পাথরের অভ্যন্তরে বসে 'আমল করে- যার কোন দরজা বা জানালা নেই, এক সময় তার সেই 'আমল মানুষের কাছে প্রকাশ হয়ে পড়বেই, চাই তা (ভালো বা মন্দ) যে কোন ধরনের 'আমলেই হোক বা কেন?

ফুটনোট

যঈফ: আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৯৪০, যঈফাহ ১৮০৭, কারণ সনদে দাররাজ আছে, আবুল হায়সাম থেকে দাররাজ-এর বর্ণিত হাদীস যঈফ; যঈফাহ ১৮০৭, সহীহ ইবনু হিব্বান ১৯৪২, হাকিম ৪/৩১৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَوْ أَنَّ رَجُلًا عَمِلَ عَمَلًا فِي صَخْرَةٍ): যদি কোন ব্যক্তি একটি কঠিন পাথরের মাঝে অথবা কোন পাহাড়ের গুহায় লুকিয়ে 'ইবাদত করে সেখানে কোন দরজা নেই জানালাও নেই।

(خَرَجَ عَمَلُهُ إِلَى النَّاسِ كَأَنَّا مَا كَانَ) উক্ত ‘আমল মানুষের মাঝে প্রকাশ পাবেই। যে ধরনের ‘আমলই হোক না কেন? কোন কোন বর্ণনায় রয়েছে, (مَنْ كَانَ) অর্থাৎ ‘আমলকারী তা প্রকাশ করতে চাক বা না চাক তা প্রকাশ হবেই। যেহেতু আল্লাহ তা‘আলা বলেন,
(وَاللَّهُ مُخْرِجٌ مَّا كُنْتُمْ تَكْتُمُونَ) “তোমরা যা কর আল্লাহ তা‘আলা তার প্রকাশকারী”- (সূরা আল বাক্বারাহ্ ২:৭২)। (ইবনু মাজাহ শরাহ ৪২০৫, মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: ষঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85314>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন